



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়

দক্ষিণ সুরমা সরকারি হাইস্কুল

আলমপুর, সিলেট। ই-মেইল: dsghssylhet@gmail.com
EIIN-139009, Website: www.dsghssylhet.edu.bd



তারিখ : ২০/১১/২০২৫খ্রি:

ভর্তি বিজ্ঞপ্তি

২০২৬ শিক্ষাবর্ষে দক্ষিণ সুরমা সরকারি হাইস্কুল, আলমপুর, সিলেট-এ ষষ্ঠ শ্রেণিতে নির্ধারিত শূন্য আসনে ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হবে।

শূন্য আসন সংখ্যা : ষষ্ঠ শ্রেণিতে- ১১০ জন

অনলাইনে ভর্তির আবেদনের সময় ও তারিখ : ২১/১১/২০২৫খ্রি. তারিখ সকাল ১১.০০টা হইতে শুরু হয়ে ০৫/১২/২০২৫খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অনলাইনে আবেদন করতে হবে।

অনলাইন ঠিকানা : <https://gsa.teletalk.com.bd>

ভর্তির আবেদন ফি : ১০০ টাকা (একশত টাকা মাত্র) Teletalk Prepaid Mobile নম্বর হতে SMS এর মাধ্যমে প্রদান করতে হবে।

* অনলাইনে আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র :

- ১। শিক্ষার্থীর সদ্য তোলা দুই কপি রঙিন ছবি।
- ২। শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের অনলাইন কপি।
- ৩। পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের কপি।


সুচরিতা দাস
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
দক্ষিণ সুরমা সরকারি হাইস্কুল
আলমপুর, সিলেট

সংযুক্তি :

সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
বেসরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৭.৪১.০০০২.২০.৬৩

তারিখ: ২৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি।

ঢাকা মহানগরীসহ সারাদেশের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৬ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তির আবেদন শুধুমাত্র অনলাইনে <https://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় পাওয়া যাবে। অনলাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া ২১/১১/২০২৫ খ্রি. সকাল ১১:০০ টা হতে শুরু হয়ে ০৫/১২/২০২৫ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে। ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১০০/- (একশত) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।

সারাদেশে আবেদনকারীরা আবেদনের সময় প্রতিষ্ঠান নির্বাচনকালে থানাভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা পাবে। এক্ষেত্রে প্রার্থীগণ প্রাপ্যতার ভিত্তিতে প্রতিটি আবেদনে সর্বোচ্চ ৫টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে পারবে। তবে ডাবল শিফট স্কুলে উভয় শিফট পছন্দ করলে ০২টি পছন্দক্রম (০২টি বিদ্যালয় পছন্দক্রম) সম্পাদন হয়েছে বলে গণ্য হবে। একই পছন্দক্রমের বিদ্যালয় কিংবা শিফট দ্বিতীয় বার পছন্দ করা যাবে না। ২০২৬ শিক্ষাবর্ষে কেন্দ্রীয় পর্যায়ে অনুষ্ঠেয় ডিজিটাল দৈবচয়ন প্রক্রিয়ার কার্যক্রমে সারাদেশের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়কে অংশগ্রহণ করতে হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে দৈবচয়নের মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া নিষ্পন্ন করা ব্যতিত অন্য কোন পরীক্ষা গ্রহণ করা যাবে না। জাতীয় শিক্ষানীতি-২০১০ ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা অনুযায়ী ১ম শ্রেণিতে শিক্ষার্থীর বয়স ৬+ ধরে ভর্তি নিশ্চিত করতে হবে। তবে কাঙ্ক্ষিত শিক্ষাবর্ষের ০১ জানুয়ারি তারিখে শিক্ষার্থীর সর্বনিম্ন বয়স ০৫ বছর এবং ৩১ ডিসেম্বর তারিখে সর্বোচ্চ ০৭ বছর পর্যন্ত হবে। (যেমন: ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তিকালে কোন শিক্ষার্থীর বয়সসীমা সর্বনিম্ন ০৫ বছর হবে অর্থাৎ সর্বনিম্ন জন্ম তারিখ হবে ০১ জানুয়ারি ২০২১ পর্যন্ত এবং সর্বোচ্চ বয়সসীমা ০৭ বছর পর্যন্ত অর্থাৎ জন্ম তারিখ ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত)। পরবর্তী শ্রেণিসমূহে বয়স নির্ধারণের বিষয়টি প্রথম শ্রেণিতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে ধারাবাহিকভাবে প্রযোজ্য হবে। শিক্ষার্থীর বয়স নির্ধারণের জন্য ভর্তির আবেদন ফরমের সাথে অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের বয়স নির্ধারণে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছরের অতিরিক্ত সুবিধা দেয়া যাবে।

এছাড়া, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মচারীগণের ভর্তির উপযুক্ত সন্তান সংখ্যার সমসংখ্যক অতিরিক্ত আসনস্ব স্ব বিদ্যালয়ে সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে তাঁদের অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই। তবে শিক্ষক/কর্মচারী মাধ্যমিক বালক বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপযুক্ত সন্তান বালিকা হলে নিকটতম সরকারি বালিকা/সহশিক্ষা বিদ্যালয়ে অতিরিক্ত আসন সংরক্ষিত রাখতে হবে। শিক্ষক/কর্মচারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপযুক্ত সন্তান বালক হলে নিকটতম সরকারি বালক/সহশিক্ষা বিদ্যালয়ে অতিরিক্ত আসন সংরক্ষিত রাখতে হবে। একইভাবে শিক্ষক/কর্মচারী যদি সহশিক্ষা বিদ্যালয়ে কর্মরত থাকে তাহলে তাঁর ভর্তি উপযুক্ত সন্তানের ভর্তির জন্য কর্মরত বিদ্যালয়েই অতিরিক্ত আসন সংরক্ষিত রাখতে হবে। তবে কর্মরত বিদ্যালয়ে ভর্তির উপযুক্ত কাঙ্ক্ষিত শ্রেণি না থাকলে নিকটতম বালক/বালিকা/সহশিক্ষা বিদ্যালয়ে (প্রযোজ্য ক্ষেত্রে) অতিরিক্ত আসন সংরক্ষিত রাখতে হবে।

সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়ার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী www.dshe.gov.bd এর **secondary circular/order** ও www.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৪-১১-২০২৫

প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল
পরিচালক